

স্বাগত

তারিখ: ৩০-১১-২০১৩
সং: ২০-১১-১৩-১১১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃ/চিঃ/সিঃ/ভর্তি/এমবিবিএস-সিটিএস/২০১৩-২০১৪/১১১

তারিখ: ২৭-০৯-২০১৩ই:

বিষয় : এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য সতর্কবার্তা

প্রতি বছর এমবিবিএস ভর্তি পরীক্ষাকে সামনে রেখে কিছু কুচক্রীমহল, দুনীতিবাজ ব্যক্তি বা গ্রুপ কোচিং সেন্টারের নামে বা ব্যক্তিগতভাবে মেডিকেল কলেজে ভর্তির বিষয়ে ১০০% কমন সাজেশন, সিক্রেট সাজেশন, এম্বুসিজ প্রোগ্রামের মাধ্যমে বা গ্যারান্টি সহকারে ভর্তি ইত্যাদি কথা বলে গোপনে বড় অংকের টাকা দাবী করে থাকে, শর্ত থাকে যদি ভর্তির জন্য নির্বাচিত না হয় তবে টাকা ফেরত দেওয়া হবে। এবারও তার পুনরাবৃত্তি হচ্ছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের এটা বুঝার বিষয় যে, বায়োডাটা সংগ্রহ করে অতীব মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে এতদূর টাকা সংগ্রহ করে প্রত্যেক চক্র অনর্থক আর্থিকভাবে লাভবান হয়ে যাচ্ছে। কারণ টাকা প্রদানকারী মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা নির্বাচিত হবেন বাতবে তারা নিজ যোগ্যতাবশেই নির্বাচিত হবেন। টাকা প্রদানকারীদের মধ্যে যারা নির্বাচিত হচ্ছে না প্রত্যেকচক্র তাদের টাকা ফেরত দিয়ে দায়মুক্ত হয়ে সাধু সাজছেন। এ কাজ সার্বিক জনস্বার্থ পরিপন্থী। মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা এম্বাউন্সেস সর্বোচ্চ স্বচ্ছতার সাথে অনুষ্ঠিত হয়ে এসেছে, যা সর্বশ্রেষ্ঠ সকলের গর্বের বিষয়। এখনও সর্বোচ্চ স্বচ্ছতার সাথে পরীক্ষা অনুষ্ঠানে বর্তমান সরকারের উর্ধ্বতন নীতিনির্ধারণী মহলের নির্দেশ রয়েছে। সরকারের ভাবমূর্তি রক্ষায় সকল সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হচ্ছে। তাই আবেদনকারীগণ কর্তৃক প্রত্যেকচক্রের এরকম অনৈতিক যাদে পা নিয়ে তাদেরকে অনর্থক আর্থিক লাভবান হওয়ার সুযোগ প্রদান নুষ্ঠ ও স্বচ্ছ ভর্তি প্রক্রিয়াকে প্রশংসিত করবে। জাতীয় স্বার্থে এটি প্রতিহত করা এবং এজন্য সর্বশ্রেষ্ঠ সকলের সতর্ক হওয়া প্রয়োজন। বর্ণিত বিষয়ে ইতোমধ্যে সকল আইন প্রয়োগকারী সংস্থাকে জনস্বার্থ পরিপন্থী এতদূর অনৈতিক কর্মকাণ্ড রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে।

পরিশেষে অভিভাবক ও ছাত্র-ছাত্রীসহ সকল মহলের কাছে অনুরোধ কুচক্রীমহলের এরকম যেকোন অবৈধ কর্মকাণ্ড অবহিত হওয়ার সাথে সাথে স্বাস্থ্য অধিদপ্তর/আইন-প্রয়োগকারী সংস্থাকে জানানো। অনুরূপ প্রত্যেকচক্রের জালে পা না দিয়ে নিবিড়ভাবে পড়াশোনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতার স্বাক্ষর রাখার জন্য ছাত্র-ছাত্রীদেরকে উপদেশ দেওয়া যাচ্ছে।

সার্বিকভাবে একটি পরিচ্ছন্ন ভর্তি প্রক্রিয়ার সফল বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা একান্তভাবে কাম্য। ইহা ছাড়াও উল্লেখ থাকে যে, পরীক্ষার হলে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করাসহ সর্বপ্রকার ক্যাসকুসেটের হাতঘড়ি বা পকেট ঘড়ি ব্যবহার সম্পূর্ণরূপে নিষেধ।

অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান
পরিচালক

টিকিঙ্গা শিলা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন

ফোন-৮৮২৫৪০০, ক্যাব : ৯৮৮৬৬১২

Email: abmhannan@gmail.com

১-১২২৩/১৩ (৭*৩)